দৈনিক
# আজাদী
প্রতিষ্ঠাতাঃ আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক



আইআইইউসিতে আলোচনা সভায় বক্তব্য রাখছেন বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদনেজামুদ্দিন নদভী এমপি

## আইআইইউসিতে বর্ণিল আয়োজন

# বঙ্গবন্ধুর জন্ম না হলে বাংলাদেশ হতো না : এমপি নদভী

আজাদী প্রতিবেদন

কাটা হলো কেক। বর্ণাঢ্য অনুষ্ঠানমালার পাশাপাশি আয়োজনে ছিল মেজবানও। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে গতকাল সীতাকুণ্ডের কুমিরায় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) ক্যাম্পাস জুড়ে দেখা গেছে নতুন উদ্দীপনা। ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয় আইআইইউসি। প্রতিষ্ঠার পর থেকে বঙ্গবন্ধুর জন্ম বার্ষিকীতে এ ধরনের আয়োজন কখনো হয়নি বিশ্ববিদ্যালয়টিতে। গতকাল সকাল ১১টায় ক্যাম্পাসের অডিটোরিয়ামে আলোচনার সভা আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম-১৫ আসনের সংসদ সদস্য ও নবগঠিত আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী।

তিনি বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম না হলে বাংলাদেশের জন্ম হতো না। ঘাতকরা তাকে হত্যা করলেও তার স্বপ্ন ও আদর্শের মৃত্যু ঘটাতে পারেনি। বঙ্গবন্ধুর সারা জীবনের স্বপ্ন ছিল সোনার বাংলা গড়া। বাঙালি জাতির প্রতিটি অগ্রযাত্রায় সাহস, শক্তি ও অনুপ্রেরণা হয়ে তিনি মিশে আছেন। সভায় সভাপতিত্ব করেন নবগঠিত আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের ট্রাস্টি ও সাবেক চবি ভিসি প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। উদ্বোধনী বক্তব্য দেন জন্ম শতবার্ষিকী উদযাপন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. সালেহ জহুর। পরিচালনায় ছিলেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক শফীউর রহমান। বক্তব্য দেন নবগঠিত আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের ট্রাস্টি প্রফেসর হেলাল উদ্দিন নেজামী, প্রফেসর কাজী দ্বীন মুহাম্মদ, আবু সুফিয়ান, মুহাম্মদ ইসমাঈল মানিক, রিজিয়া রেজা চৌধুরী, মাহবুবুল আলম, আ ন ম টিপু সুলতান চৌধুরী, সিরাজুল করিম, বদিউল আলম। সভায় আইআইইউসির সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ছাড়াও শিক্ষার্থীরা অংশ নেন।

Ref: Paper name: Daily Azadi, date: 18 March 2021,page: 2,Col: 5

Link: https://www.edainikazadi.net/index.php?page=1&date=2021-03-18